



বিষয়: অক্টোবর/২৩ মাসের "ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির" সভার কার্যবিবরণী।

খানকোড়া ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলা-সাতুরিয়া, জেলা- মানিকগঞ্জ।

খানকোড়া ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (UDCC) এর

অক্টোবর/২৩ মাসের সভার কার্যবিবরণী।

সভার সভাপতিঃ জনাব মোঃ আব্দুর রউফ,
চেয়ারম্যান, খানকোড়া ইউনিয়ন পরিষদ।

স্থানঃ ইউপি ভবন।

সভার তারিখ : ২৯/১০/২০২৩খ্রি:

সভার সময় : সকাল - ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'

আজ খানকোড়া ইউনিয়ন পরিষদের "ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির" সভা অনুষ্ঠিত হয়। সভায় পূর্ব সভার মন্বা পাঠ করা হয় এবং কোন সংশোধন না থাকায় সভাসমাপ্তি প্রক্রিয়ায় অনুমোদিত হয়। সভার সূচনায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যবিবরণী শুরুর করেন।

ক্রম/নং	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব প্রাপ্ত সংস্থা/ব্যক্তি
০১	আদর্শ কর তফসীল মোতাবেক ট্যাক্স আদায় ববসা লাইঃ	ইউনিয়ন পরিষদের প্রতি দিনের অফিসিয়াল কাজ-কর্ম পরিচালনাসহ কর্মকর্তাদের বেতন/ভাতা প্রদানের জন্য ট্যাক্স আদায় জোরদার করা প্রয়োজন। আদায়ের বিসয়ে যাতীয় হিসাব নিকাশ করা হয়, খরচের ভাটার সমুহ জুমোদন করা হয়।	ইউপি ট্যাক্স আদায় জোরদার করনের ব্যাপারে পদক্ষেপ গ্রহন। সচিবকে ও সদস্যদের এ বিষয়ে আন্তরিক হওয়ার পরামর্শ দেয়া হয়।	ট্যাক্স আদায়কারীগণ এবং সার্বিক সহযোগিতা করবেন ইউপি সদস্য/সদস্যাবৃন্দ।
০২	পরিবার পরিকল্পনা কার্যক্রম প্রসঙ্গে।	জন্ম নিয়ন্ত্রন ব্যবস্থা আরো জোরদার করনে গনসচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন।	জন্ম নিয়ন্ত্রন পদ্ধতির সামগ্রী বিতরণ নিশ্চিত করা।	পরিবার পরিকল্পনা পরিদর্শক, পরিবার কল্যাণ সহকারী বৃন্দ।
০৩	জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রামত্ব।	১০০ ভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহন সম্পর্কে আলোচনা কর হয়। সচিব সাহেব এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। কিংকি পদক্ষেপ নিলে জন্ম ও মৃত্যু নিবন্ধন ১০০ ভাগ করা যাবে সে বিষয়ে সকলের মতামত চাফেন। বিষয় নিয়ে সভায়বিষদ আলোচনা করা হয়।	১০০ ভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন করার সিদ্ধান্ত হয়। উহা যথাযথ বাস্তবায়নের জন্য গ্রামপুলিশ ইউপি সদস্যগণ সহযোগিতা সহ স্বাস্থ্য বিভাগের, প.প, বিভাগের মাঠকর্মীদের সহযোগিতা অনুরোধ সহ সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউডিসিসি এর সকল সদস্যবৃন্দ, গ্রামপুলিশপন, স্বাস্থ্য বিভাগের, প.প, বিভাগের মাঠকর্মীদের এবং ইউপি সচিব।
০৪	২০২২-২০২৩ অর্থ বছরে উন্নয়ন প্রকল্প সংক্রামত্ব।	২০২২-২০২৩ অর্থ বছরে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।	বিল্ডিসিসি অনুমোদিত ইউনিয়ন উন্নয়ন সহায়তা খাতের পক্ষ সমুহ অতি দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।	ওয়ার্ড কমিটি ও ইউনিয়ন পরিষদ।
০৫	কৃষি বিষয়ক।	বর্তমান মৌসুমে ইউনিয়নের কয়েকটি এলাকায় পাট চাষ হয়েছে, উহা পচনের যথাযথ পরামর্শ প্রদানের বিষয়ে আলোচনা হয়।	পাট চাষীদের পাট পচনের যথাযথ পরামর্শ প্রদানের বিষয়ে নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে উপ-সহকারী কৃষি কর্মকর্তা,	উপ-সহকারী কৃষি কর্মকর্তা, খানকোড়া ইউনিয়ন।
০৬	সমাজ-সেবা অধিদপ্তর।	সমাজসেবা অফিসের মাঠকর্মী জনাব আর কদুস সাহেব ইউনিয়নে বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তাভাতা, অসচ্ছল প্রতিবন্ধীভাতা যথা নিয়মে পরিশোধ হচ্ছে, ইতিমধ্যে বেশ কিছু ভাতাভোগী মারাগেছেন উহা নবায়ন করা জরুরী, তাহাছাড়া আগামী মাসে নতুন বয়স্ক ভাতা বরাদ্দ পাওয়া যাবে এ বিষয়ে আলোচনা করা হয়।	ইউনিয়নে বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তাভাতা, অসচ্ছল প্রতিবন্ধীভাতা যথা নিয়মে পরিশোধ হচ্ছে, ইতিমধ্যে বেশ কিছু ভাতাভোগী মারাগেছেন উহা নবায়ন করা জরুরী, তাহাছাড়া আগামী মাসে নতুন বয়স্ক ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট ফরম পূরণ পূর্বক সমাজসেবা অফিসে দাখিল করবেন- ইউপি সদস্য/সদস্যাবৃন্দ ও মাঠকর্মী।
০৭	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।	বিশুদ্ধ পানি ব্যবহার এবং স্বাস্থ্য সম্মত লেট্রিন ব্যবহার বিষয়ে আলোচনা করা হয়।	বিশুদ্ধ পানি ব্যবহার এবং স্বাস্থ্য সম্মত লেট্রিন ব্যবহার নিশ্চিত করে জনসাধারণকে সচেতন করে তুলতে হবে। এ জন্য ওয়ার্ড পর্যায় প্রচার/ভিডিও অধ্যাহত রাখার সিদ্ধান্ত। প্রাপ্ত গভীর নলকূপ সমুহ যথাযথ স্থাপন বিষয়ে চেয়ারম্যান সাহেবকে অনুরোধ করা হয়।	ইউপি সদস্য/সদস্যাবৃন্দ ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর মাঠকর্মী গন ব্যবস্থা নিবেন।
০৮	প্রানী সম্পদ বিষয়ক।	বর্তমান মৌসুমে গবাদী পশুর নানা প্রকার রোগ বৃদ্ধি পাচ্ছে। এর প্রতিকার বিষয়ে আলোচনা করা হয়।	গবাদী পশুর রোগ-ব্যাদী থেকে মুক্ত রাখার জন্য প্রয়োজনীয় ভ্যাকসিন গবাদী পশুকে দিতে হবে।	প্রানী সম্পদ অফিসের মাঠকর্মী ও গবাদী পশুর মালিকগণ।

সভায় সভায় আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরণীর সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

মোঃ আব্দুর রউফ

চেয়ারম্যান

খানকোড়া ইউনিয়ন পরিষদ।

মোঃ আব্দুর রউফ
চেয়ারম্যান
খানকোড়া ইউনিয়ন পরিষদ।